ইংরেজি হতে অনুদিত

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

এফই সার্কুলার নং ২৩ তারিখঃ জুন ০২, ২০১৪

বৈদেশিক মুদ্রা লেনদেনের সকল অনুমোদিত ডিলার

প্রিয় মহোদয়গণ,

**আইটি বিষয়ক ফি প্রেরণ প্রসংগে।**

জুলাই ১৪, ২০১১ তারিখের এফই সার্কুলার নং ১১ এর মাধ্যমে গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশান্স (জিএফইটি)' ২০০৯ (ভলিউম-১) এর ১১ অধ্যায়ের ৯ অনুচ্ছেদে বর্ণিত বিভিন্ন ফি ভার্চুয়াল কার্ডের মাধ্যমে পরিশোধ করা যাবে মর্মে প্রাধিকার ঘোষিত হয়েছে ।

০২. এক্ষণে, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, মোবাইল এ্যাপ্লিকেশন ও গেমস ডেভেলপারদের অনুকূলে ভার্চুয়াল কার্ড ইস্যু করা যাবে । এ ক্ষেত্রে ডেভেলপারদের মোবাইল এ্যাপ্লিকেশন ও গেমস বিষয়ে যথাযথ জ্ঞান/ প্রশিক্ষণ/বুটক্যাম্পস/হ্যাকাথন্স কিংবা সরকারী কর্তৃপক্ষ/ বেসিস ও তার সদস্য প্রতিষ্ঠান /অন্য কোন ট্রেনিং/একাডেমিক প্রতিষ্ঠান কর্তৃক আয়োজিত কোন কোর্স সম্পন্নকারী হতে হবে । এ কার্ডের মাধ্যমে নিম্ন বর্ণিত ফি সমূহ পরিশোধ করা যাবে ঃ

ক) Google, iTunes, Firefox, Windows, Blackberry ইত্যাদির মতো খ্যাতিসম্পন্ন অনলাইন অথবা মোবাইল এ্যাপ্লিকেশন মার্কেটপ্লেস এর নিবন্ধন/লাইসেন্স ফি ;

খ) মোবাইল এ্যাপ্লিকেশন ও গেমস ডেভেলপমেন্টে জড়িত গেম ইঞ্জিন অথবা এরূপ কোন সফটওয়্যারের সহযোগী লাইসেন্স ফি;

গ) Vendor certification examination বা এরূপ কোন অনলাইন পরীক্ষার ফি;

ঘ) মোবাইল এ্যাপ্লিকেশন ও গেমস ডেভেলপমেন্ট সম্পর্কিত hosting/cloud solutions এর নিবন্ধন/নবায়ন ফি ।

০৩. প্রতি পঞ্জিকা বর্ষে এ উদ্দেশ্যে মার্কিন ডলার ৩০০ বা সমপরিমাণ বৈদেশিক মুদ্রার বেশী ছাড় করা যাবে না।

০৪. জিএফইটি' ২০০৯ (ভলিউম-১) এর ১৯ অধ্যায়ে ১২ অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা মোতাবেক আইসিসি এবং ভার্চুয়াল কার্ডের মাধ্যমে সম্পাদিত সকল লেনদেন বাংলাদেশ ব্যাংকে রিপোর্ট করতে হবে ।

বিষয়টি সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করবেন করবেন ।

আপনাদের বিশ্বস্ত,
(স্বাক্ষরিত)
(মোঃ আব্দুল মান্নান )
উপ মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০৩১৯